# রোহিঙ্গা সংকট আঞ্চলিক স্থিতিশীলতার জন্য উদ্বেগজনক: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

**বাংলাদেশে দীর্ঘদিন ধরে বিপুলসংখ্যক রোহিঙ্গার অবস্থান শুধু মানবিক সংকটের মধ্যেই সীমাবদ্ধ নেই, এটি এখন দেশের পাশাপাশি পুরো অঞ্চলের নিরাপত্তার জন্যও উদ্বেগের বিষয় হয়ে উঠেছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ।**

রোববার (৬ সেপ্টেম্বর) সকালে রাজধানীর বিআইআইএসএস অডিটোরিয়ামে আয়োজিত রোহিঙ্গা সংকটবিষয়ক এক গোলটেবিল আলোচনায় তিনি এ কথা বলেন। ইন্সটিটিউট ফর গ্লোবাল কো-অপারেশন ফাউন্ডেশন আয়োজিত অনুষ্ঠানে সংকট থেকে তৈরি হওয়া বিভিন্ন চ্যালেঞ্জ এবং তা মোকাবিলার সম্ভাব্য কৌশল নিয়ে আলোচনা করা হয়।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, এই সমস্যার দীর্ঘমেয়াদি সমাধানের জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের আরও কার্যকর সহযোগিতা প্রয়োজন। বিশেষ করে জাতিসংঘসহ সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থাগুলোকে রোহিঙ্গাদের নিজ দেশে ফেরানোর বিষয়ে জোরালো ভূমিকা রাখতে হবে।

তিনি বাংলাদেশে আশ্রয় নেওয়া প্রায় ১৫ লাখ রোহিঙ্গাকে নিরাপদ ও মর্যাদাপূর্ণ পরিবেশে মিয়ানমারে ফিরিয়ে নেওয়ার বিষয়টি আন্তর্জাতিক পর্যায়ে আরও গুরুত্বের সঙ্গে তুলে ধরার আহ্বান জানান।

LENS ASIA